গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।

[মূসক আইন ও বিধি শাখা]

নথি নং- ০৮.০১.০০০০.০৬৮.২১.০১৬.১৪/৬১৭ তারিখঃ ২৮ ভাদ্র, ১৪২৯ বঙ্গাব্দ। / ১২ সেপ্টেম্বর, ২০২২ খ্রিষ্টাব্দ।

বিষয়: স্থানীয় ট্যারিফ এলাকা হতে ইপিজেডের অভ্যন্তরে পণ্য সরবরাহের ক্ষেত্রে মূল্য সংযোজন করের প্রযোজ্যতা।

সূত্রঃ ১) কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা, জাতীয় রাজস্ব বোর্ড এর ইউও নোট-০৮.০১.০০০০.৫৬.০৭.০৪৫.১৬/৩১৭, ৩০/০৮/২০২২ খ্রিষ্টাব্দ;
২) কাস্টম বন্ড কমিশনারেট, চট্টগ্রাম এর পত্র নং-৫ম (২০)২৮-বন্ড কমিঃ/আকা/বিবিধ/২০০১(অংশ-১)/৫৫৪০, তারিখ:২১/০৮/২০২২ খ্রিঃ;
৩) বিএসআরএম স্টীল লিমিটেড এর পত্র নং-বিএসআরএম/রপ্তানি/EPZ/৯৩(২), তারিখঃ২৮/০৮/২০২২ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। সূত্রীয় ০২ নং পত্রের মাধ্যমে কমিশনার, কাস্টম বন্ড কমিশনারেট, চট্টগ্রাম স্থানীয় ট্যারিফ এলাকা হতে ইপিজেডের অভ্যন্তরে বিভিন্ন Construction Materials এবং অন্যান্য সংশ্লিষ্ট পণ্য শুল্কমুক্ত আমদানি হিসেবে বিবেচনা করে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ১৮খ এবং একই বিধিমালার বিধি ১১৮ক অনুযায়ী স্পষ্টীকরণ বা ব্যাখ্যাপত্র জারি করার জন্য অনুরোধ করেন। একই বিষয়ে সূত্রীয় ০৩ নং পত্রের মাধ্যমে বিএসআরএম স্টিল লিমিটেড কর্তৃক চট্টগ্রাম রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা (ইপিজেড) এ অবস্থিত প্রতিষ্ঠানে Construction Materials (রড) সরবরাহ রপ্তানি হিসেবে গণ্য হবে কিনা সে বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের মতামত কামনা করেছে।

০৩। বিষয়সমূহ পর্যালোচনা করে দেখা যায় যে,

ক) মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা,২০১৬ এর বিধি (২) এর দফা (ছছ) এ উল্লেখ করা হয়েছেঃ

"**প্রকৃত রপ্তানিকারক বা রপ্তানিকারক** অর্থ এইরূপ কোনো ব্যাক্তি বা প্রতিষ্ঠান যিনি তাহার উৎপাদিত পণ্য বা সেবা বা অন্যবিধভাবে সংগৃহীত পণ্য বা সেবা সরকার কর্তৃক, সময় সময়, জারীকৃত রপ্তানী নীতি আদেশে বর্ণিত শর্তাবলি এবং বাংলাদেশ ব্যাংক কর্তৃক, সময় সময়, জারীকৃত বৈদেশিক মুদ্রা সংক্রান্ত বিধি-বিধান পালন করিয়া সরাসরি **রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকায়** বা বাংলাদেশের বাহিরে **রপ্তানি করেন**।

খ) মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ অনুযায়ী বিধি ১৮খ এর উপ-বিধি (১) এ উল্লেখ রয়েছেঃ

কোন নিবন্ধিত ব্যক্তি অভ্যন্তরীণ ব্যাক-টু-ব্যাক ঋণপত্রের বিপরীতে বৈদেশিক মুদ্রার বিনিময়ে কোনো প্রকৃত রপ্তানিকারককে কোনো পণ্য বা সেবা সরবরাহ (যদি প্রযোজ্য হয়) করিলে উক্ত পণ্য বা সেবার সরবরাহ আইনের ধারা ২ এর দফা ৬২ এর অধীন প্রচ্ছন্ন রপ্তানি বলিয়া গণ্য হবে।

গ) বিএসআরএম স্টিল লিমিটেড নামীয় প্রতিষ্ঠানটি যেহেতু রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকায় অবস্থিত প্রতিষ্ঠান M/S. Campvallay Global Limited কে অভ্যন্তরীণ ঋণপত্রের বিপরীতে বৈদেশিক মুদ্রার বিনিময়ে Construction Materials (রড) সরবরাহ করে, সেহেতু বিএসআরএম স্টিল লিমিটেড মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা,২০১৬ এর বিধি (২) এর দফা (ছছ)

CamScanner
Scanned with OKEN Scanner

অনুযায়ী প্রকৃত রপ্তানিকারক হিসেবে গণ্য হবে অর্থাৎ আলোচ্য সরবরাহ প্রকৃত রপ্তানি, প্রচ্ছন্ন রপ্তানি নয়।

০৪। সুতরাং, উপর্যুক্ত পর্যালোচনার আলোকে সংশ্লিষ্ট সরবরাহটি রপ্তানি মর্মে গণ্য হবে এবং মূল্য সংযোজন কর শূণ্য হার বিশিষ্ট হবে। বিষয়টি নির্দেশক্রমে অবহিত করা হলো।

Rhasan.
১২/০১/২২

[কাজী রেজাউল হাসান]
দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)
ফোনঃ ৮৩১৮১২০, এক্সঃ ৩৪৮
ই-মেইলঃ vatpolicy@gmail.com

প্রাপকঃ
দ্বিতীয় সচিব
কাস্টমস: রপ্তানি ও বন্ড
জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

CamScanner
Scanned with OKEN Scanner